# 📖 সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ১৫৮০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭২৮]

৬। মুসাফিরদের সালাত ও তার কসর (كتاب صلاة المسافرين وقصرها)

পরিচ্ছেদঃ ১৫. ফরযের পূর্বে ও পরে নিয়মিত সুন্নতের ফযীলত এবং তার সংখ্যার বিবরণ

باب فَضْلِ السُّنَنِ الرَّاتِبَةِ قَبْلَ الْفَرَائِضِ وَبَعْدَهُنَّ وَبَيَانِ عَدَدِهِنَّ

---

আরবী

حَدَّثَنِي أَبُو غَسَّانَ الْمِسْمَعِيُّ، حَدَّثَنَا بِشْرُ بْنُ الْمُفَضَّلِ، حَدَّثَنَا دَاوُدُ، عَنِ النُّعْمَانِ بْنِ سَالِمٍ، بِهَذَا الإِسْنَادِ " مَنْ صَلَّى فِي يَوْمٍ ثِنْتَىْ عَشْرَةَ سَجْدَةً تَطَوُّعًا بُنِيَ لَهُ بَيْتٌ فِي الْجَنَّةِ " .

বাংলা

১৫৮০-(১০২/...) আবূ গাসসান আল মিসমাঈ (রহঃ) ..... নুমান ইবনু সালিম (রহঃ) থেকে একই সানাদে হাদীসটি বর্ণিত হয়েছে, (হাদীসটি হ'ল) যে ব্যক্তি দিনে ১২ রাকাআত নফল (সুন্নাত) সালাত আদায় করে তার জন্য জান্নাতে একটি ঘর নির্মাণ করা হয়*।(ইসলামী ফাউন্ডেশন ১৫৬৫, ইসলামীক সেন্টার ১৫৭২)

## English

Nu'man b. Salim reported with the same chain of transmitters:
He who observed twelve voluntary rak'ahs, a house will be built for him in Paradise.

ফুটনোট

* এ ১২ রাকাআত হ'লঃ যুহরের পূর্বে ৪ রাকাআত ও পরে ২ রাকাআত, মাগরিবের পরে ২ রাকাআত, ইশার পরে ২ রাকাআত এবং ফাজরের পূর্বে ২ রাকাআত মোট ১২ রাকাআত।

যুহরের পর ৪ রাকাআত আদায় করা সম্বন্ধে উম্মু হাবিবাহ (রাঃ) থেকে হাদিস এসেছে যে ব্যক্তি যুহরের পূর্বে ৪ রাকাআত ও পরে ৪ রাকাআত হিফাযাত করে আদায় করে যাবে আল্লাহ জাহান্নামকে তার জন্য হারাম করে দিয়েছেন। (আবূ দাউদ, তিরমিয়ী, মুসলিম শরহে নাবাবী-১ম খণ্ড ২৫১ পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ নু'মান ইবন সালিম (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=48335

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন